তারিখ ... 2 4 MAY 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

218

## বিভিন্ন ছাত্র সংগঠনের বিক্ষোভ অব্যাহত

# ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে ঃ ভিসি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ডাঃ মিলন হত্যা মামলার আসামী এবং বহিস্কৃত ছাত্রদল নেতাদের ছাত্রলীগে (শা-অ) যোগদানের পর ক্যাম্পাসে এখনও চরম উত্তেজনা বিরাজ করছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর সিন্ডিকেটের সভায় বলেছেন, যে কোন সময় ক্যাম্পাস পরিস্থিতির ভয়াবহ অবনতি ঘটতে পারে।

ডাঃ মিলনের হত্যাকারীদের ক্যাম্পাসে পুনর্বাসনের চেষ্টার বিরুদ্ধে গতকালও বিভিন্ন ছাত্র সংগঠন বিক্ষোভ সমাবেশ করেছে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। ভাইস চ্যান্সেলর সভায় জানান, পরিস্থিতি স্বাভাবিক নয়, যে কোন

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### ক্যাম্পাসে চরম

(প্রথম পৃষ্ঠার পর)

সময় অবস্থার মারাত্মক অবনতি ঘটতে পারে।

সিন্ডিকেট ছাত্র সংগঠনগুলির প্রতি সংযত থাকার আহবান জানিয়েছে এবং কোন অস্বাভাবিক ঘটনা ঘটলে তার প্রতিক্রিয়া ব্যক্ত না করে ভাইস চ্যান্সেলর, প্রভোস্ট অথবা প্রক্টরকে তা জানানোর জন্য অনুরোধ করেছে।

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী সপ্তাহে দেশের রাজনৈতিক দলগুলির প্রধানদের এক সভা আহবান করেছেন। সভায় তাদের বিশ্ববিদ্যালয়ের অবস্থা সম্পর্কে অবহিত করা হবে এবং পরিস্থিতি স্বাভাবিক করার জন্য সহযোগিতা চাওয়া হবে।

**বিক্ষোভ মিছিল, সমাবেশ**

ডাঃ মিলনের হত্যাকারীদের ক্যাম্পাসে পুনর্বাসনের চেষ্টার বিরুদ্ধে বিভিন্ন সংগঠন, গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে।

অপরাজেয় বাংলার সামনে জাতীয়তাবাদী ছাত্রদলের সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তৃতা করেন ফজলুল হক মিলন, নাজিমউদ্দিন আলম, মনিরুজ্জামান মনির, ইলিয়াস আলী, এমদাদ খান, রফিকুল ইসলাম জালু, হাবিব-উন-নবী সোহেল প্রমুখ।

বক্তারা বলেন, গণধিকৃত নীরু-অভির দোসরদের ছাত্রলীগে আশ্রয় দিয়ে আওয়ামী লীগ সভানেত্রী সর্বদলীয় ছাত্র ঐক্যের গৌরবোজ্জ্বল বিজয়ের ইতিহাসকে কলংকিত করেছেন এবং ডাঃ মিলনের রক্তের সঙ্গে বেঈমানী করেছেন। বক্তারা চিহ্নিত সন্ত্রাসীদের ছাত্রলীগ থেকে বহিষ্কার করার জন্য শেখ হাসিনার প্রতি আহবান জানান।

ছাত্রলীগ (না-শ) বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জাতীয় ছাত্রলীগ এবং বাংলাদেশ ছাত্র মৈত্রী ও গতকাল ক্যাম্পাসে এ ঘটনার প্রতিবাদে পৃথক পৃথক বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল ছাত্র সংসদের ২২ জন কর্মকর্তা এক যুক্ত বিবৃতিতে ডাঃ মিলনের হত্যাকারীদের ছাত্রলীগে (শা-অ) আশ্রয় দেয়ার ঘটনার তীব্র নিন্দা করেছেন।